

# খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

খুলনা-৯২০৩


কুয়েট এলামনি এসোসিয়েশন এশিয়া প্যাসিফিক (KUETAAAP) এর বৃত্তির

## বিজ্ঞপ্তি

অত্র বিশ্ববিদ্যালয়ের ২০১৭-২০১৮ ইং শিক্ষাবর্ষে "কুয়েট এলামনি এসোসিয়েশন এশিয়া প্যাসিফিক" (KUETAAAP) এর আওতায় বৃত্তি প্রদানের নিমিত্তে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে কিছু সংখ্যক ছাত্র/ছাত্রীকে ০৬(ছয়)মাসের জন্য বৃত্তি প্রদান করা হবে। ২০১৭-১৮ শিক্ষাবর্ষে অধ্যয়নরত (২০১৪ ব্যাচ হতে ২০১৭ ব্যাচ পর্যন্ত) আগ্রহী ছাত্র/ছাত্রীদেরকে নির্ধারিত ফরমে (যা শিক্ষা শাখা হতে সরবরাহ করা হবে) সর্বশেষ গ্রেডশীটের সত্যায়িত কপিসহ আবেদনপত্র আগামী ০৭/০৮/২০১৮ ইং তারিখের মধ্যে শিক্ষা শাখায় জমা দেওয়ার জন্য বলা যাচ্ছে।

### শর্ত সমূহ :

- ১) প্রার্থীকে অবশ্যই গরীব ও মেধাবী ছাত্র/ছাত্রী হতে হবে।
- ২) মঞ্জুরীকৃত বৃত্তির টাকা ৬(ছয়) মাসের জন্য ১(এক) কিস্তিতে প্রদান করা হবে।
- ৩) বৃত্তি প্রাপ্ত ছাত্র/ছাত্রীদের "KUETAAAP" যাবতীয় আইন কানুন মেনে চলতে হবে।
- ৪) আবেদনকারীর বিরুদ্ধে আইন শৃংখলা পরিপন্থী কোন কাজের সাথে জড়িত থাকার অভিযোগ পাওয়া গেলে আবেদনপত্র/বৃত্তি বিনা নোটিশেই বাতিল হবে।
- ৫) আবেদনপত্র হল প্রভোস্ট, কোর্স এ্যাডভাইজার ও বিভাগীয় প্রধানের সুপারিশক্রমে দাখিল করতে হবে।
- ৬) বৃত্তি প্রদানের জন্য এসোসিয়েশনের নীতিমালা অনুযায়ী বৃত্তি প্রদান সংক্রান্ত কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।
- ৭) বিভিন্ন ব্যাংক, আরিফ আহমেদ স্কলারশীপ ফান্ড বা ইমদাদ সিতারা ফাউন্ডেশন থেকে ৪ বছরের জন্য বৃত্তি প্রাপ্তদের আবেদন করার প্রয়োজন নেই।

  
(প্রফেসর ডঃ এ, এন, এম মিজানুর রহমান)  
চেয়ারম্যান

KUETAAAP Local Representative Committee

ও

অধ্যাপক, যন্ত্রকৌশল বিভাগ  
খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

স্মারক নং : খুপ্রবি/শিক্ষা - ৯২৩ (২৬) তারিখ : ২০/০৭/১৮

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থার জন্য দেওয়া হলে :

- ১) ডীন, সকল অনুষদ, অত্র বিশ্ববিদ্যালয়।
- ২) সকল পরিচালক, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৩) সকল বিভাগীয় প্রধান, অত্র বিশ্ববিদ্যালয়। সকল ছাত্র/ছাত্রীদের মধ্যে জরুরী ভিত্তিতে প্রচারের অনুরোধসহ।
- ৪) সকল হল প্রভোস্ট, হল সমূহ, অত্র বিশ্ববিদ্যালয়। সংশ্লিষ্ট ছাত্র/ছাত্রীদের মাঝে জরুরী ভিত্তিতে প্রচারের অনুরোধসহ।
- ৫) সকল নোটিশ বোর্ড, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৬) নথি।

  
(সেব আলীছ আলী)  
সচিব

KUETAAAP Local Representative Committee

ও

ডেপুটি রেজিস্ট্রার (শিক্ষা)  
খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়